

প্রথম আলো বাংলাদেশ

কর্মশালা

পঞ্চগড় প্রতিনিধি | আপডেট: ০০:১৫, মার্চ ২১, ২০১৬ | প্রিন্ট সংস্করণ

‘স্থানীয় শ্রমবাজারের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও কর্মসংস্থান’ শীর্ষক কর্মশালা গতকাল রোববার পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রশিক্ষণকেন্দ্রে অনুষ্ঠিত হয়। অর্থ মন্ত্রণালয়ের অধীন স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রকল্পের অধীনে এ সেমিনারের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন পঞ্চগড় চেম্বার সভাপতি আশরাফুল আলম পাটোয়ারী। প্রধান অতিথি ছিলেন জাতীয় প্রকল্প পরিচালক জালাল আহমেদ। বিশেষ অতিথি ছিলেন নির্বাহী পরিচালক আবদুর রউফ তালুকদার, সহকারী নির্বাহী পরিচালক সৈয়দ নাসির এরশাদ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যক্ষ সৈয়দ আবদুল আজিজ। এতে কারিগরি প্রতিষ্ঠানের প্রধান, স্থানীয় শিল্পপ্রতিষ্ঠানের প্রধান, এনজিও প্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণার্থীরা অংশ নেন।

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত
প্রথম আলো ১৯৯৮ - ২০১৬

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ফোনঃ ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্সঃ ৯১৩০৪৯৬, ই-মেইলঃ info@prothom-alo.info

এই ওয়েবসাইটের কোনো লেখা বা ছবি অনুমতি ছাড়া নকল করা বা অন্য কোথাও প্রকাশ করা সম্পূর্ণ বেআইনি

